


# বার্ষিক প্রতিবেদন: ২০২০-’২১

## বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)

www.bmdf.gov.bd

# বিজয়ের সুবর্ণ জয়ন্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে জাতির শপথ

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্যদিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আজ বিজয় দিবসে দৃপ্তকণ্ঠে শপথ করছি যে, শহিদের রক্ত বৃথা যেতে দেব না- দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাদের সহায় হোন।"

# বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর পরিচালনা ও সাধারণ পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ



জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ ও চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব মুস্তাকীম বিল্লাহ ফারুকী
অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব রুখসানা হাসিন, এনডিসি
যুগ্ম সচিব আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব মো: আব্দুল মজিদ, এনডিসি
মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৩, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।



জনাব মো: আতাউর রহমান খান,
যুগ্ম প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব জোয়ারদার ইসরাইল হোসেন,
নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



মিসেস মাজেদা শওকত আলী,
নির্বাহী পরিচালক, নড়িয়া উন্নয়ন সমিতি (নুসা) এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব দেওয়ান কামাল আহমেদ
সভাপতি, মিউনিসিপল এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব) ও
মেয়র, নীলফামারী পৌরসভা, নীলফামারী এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব মো: আবুল খায়ের
মেয়র লাকসাম পৌরসভা, কুমিল্লা এবং সদস্য, পরিচালনা পর্ষদ বিএমডিএফ



জনাব আতিকুর রহমান মিয়া
মেয়র, মুকসুদপুর পৌরসভা, গোপালগঞ্জ এবং সদস্য পরিচালনা পর্ষদ বিএমডিএফ



জনাব মো: সাইফুর রহমান
মেয়র, আলফাডাঙ্গা পৌরসভা, ফরিদপুর এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ



জনাব আবুল মনসুর মোঃ ফয়েজ উল্লাহ, এনডিসি
ব্যবস্থাপনা পরিচালক, বিএমডিএফ (সরকারের সাবেক সচিব) এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ

# টেকসই ও পরিকল্পিত পৌর অবকাঠামো উন্নয়নের মাধ্যমে সোনার বাংলা বিনির্মাণে আমরা থাকব অবিচল।




বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ

# প্রশাসন শাখা

Company Secretary

Admin Officer | Public Relations Officer

Assistant Admin Officer

Computer operator | Office Assistant

Driver (4 per)

MLSS (2 per) | Massenger




বাম থেকে - মোঃ হানিফুর রহমান- অফিস রানার, নিত্যানন্দ সিংহ- অফিস রানার, মোঃ নুরুজ্জামান- ড্রাইভার, মোঃ আব্দুল মতিন- ম্যাসেঞ্জার, মোঃ আব্দুল জলিল-এসিস্ট্যান্ট এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, মোঃ শরীফুর রহমান-এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার, নাসির উদ্দিন আহমদ চৌধুরী-কোম্পানি সচিব, মোঃ আহসানুল কবির সোহান- পাবলিক রিলেশনস্ অফিসার, মোঃ আক্তারুজ্জামান- ড্রাইভার, মোহাম্মদ শহিদুল ইসলাম-কম্পিউটার অপারেটর, ফরিদ আহম্মেদ- অফিস সহকারি, মোঃ বাবুল হোসেন- ড্রাইভার, মিলন কুমার সাহা- ড্রাইভার।

# বিএমডিএফ গঠন ও পরিচালন এবং অর্থায়ন নীতি

## *ভূমিকা ঃ*

দেশের ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে ২৬ এপ্রিল ১৯৯৯ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে একটি ঋণ চুক্তি (ডিসিএ) স্বাক্ষরিত হয়। সে সময় পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে একটি স্বতন্ত্র সংস্থা গঠনের প্রয়োজনীয়তা অনুভূত হয়। এরই ধারাবাহিকতায় ০৯ মার্চ ২০০২ তারিখে ১৯৯৪ সালের কোম্পানি আইনের ২৮ ও ২৯ ধারা অনুযায়ী বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) নামক একটি কোম্পানি গঠিত হয় (A company limited by guarantee without share capital)। অর্থ বিভাগের স্মারক নং অম/অবি/উঃ-১/কর্মসূচী-৮৬/২০০১/১০০২, তারিখঃ ২০.১১.২০০২ মূলে বিএমডিএফ-কে সম্পূর্ণ সরকারী মালিকানাধীন একটি প্রতিষ্ঠান হিসেবে গণ্য করে পরিপত্র জারী করা হয়। ২০০৪ সাল থেকে বিএমডিএফ মাঠ পর্যায়ে দেশের পৌরসভা/সিটি কর্পোরেশনের পরিকল্পিত উন্নয়নে ভৌত অবকাঠামোগত উন্নয়ন কাজ শুরু করে।

## *প্রশাসনিক মন্ত্রণালয় ঃ*

বিএমডিএফ অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন একটি প্রতিষ্ঠান। পরিচালনা পর্ষদের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে বিএমডিএফ-এর কর্মকান্ড পরিচালিত হয়।

## *পরিচালনা পর্ষদ ঃ*

স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থা/বিভাগের প্রতিনিধিদের সমন্বয়ে ১২ সদস্য বিশিষ্ট একটি পরিচালনা পর্ষদ দ্বারা কোম্পানিটি পরিচালিত হয়।

পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ হলেনঃ

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ;

২. প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ;

৩. প্রতিনিধি, পরিকল্পনা কমিশন;

৪. প্রতিনিধি, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি);

৫. প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক;

৬. প্রতিনিধি, মিউনিসিপল এসোসিয়েশন অব বাংলাদেশ (ম্যাব);

৭. প্রতিনিধি, এনজিও বিষয়ক ব্যুরো;

৮. মেয়র, ক-শ্রেণীভুক্ত পৌরসভা (স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত);

৯. মেয়র, খ-শ্রেণীভুক্ত পৌরসভা (স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত);

১০. মেয়র, গ-শ্রেণীভুক্ত পৌরসভা (স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত); এবং

১১. ব্যবস্থাপনা পরিচালক, বিএমডিএফ (সদস্য-সচিব)।

## *পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নে কোম্পানির অর্থায়ন নীতি ঃ*

সুনির্দিষ্ট আর্থিক নীতিমালা অনুযায়ী বিএমডিএফ দেশের পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহের পরিকল্পিত উন্নয়নে অর্থায়ন করে থাকে। পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত/নির্বাচিত পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক গৃহীত/গৃহীতব্য উপ-প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ১০% অর্থ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন 'ম্যাচিং কন্ট্রিবিউশন' হিসেবে প্রদান করে থাকে। অবশিষ্ট ৯০% অর্থ বিএমডিএফ কর্তৃক ৮০% অর্থ অনুদান হিসেবে এবং বাকী ২০% অর্থ বার্ষিক ৫% হার সুদে ঋণ হিসেবে প্রদান করা হয়। প্রদত্ত ঋণের অর্থ ০১ বছর রেয়াতিকালসহ ১০ বছরে ৩৭টি কিস্তিতে আদায়যোগ্য। অনুদান হিসেবে প্রদত্ত অর্থের উপর ১.৫% হারে সার্ভিস চার্জ আদায় করা হয়।

বিএমডিএফ পরিচালনা পর্ষদ-এর ৩৯তম সভায় অনুমোদিত জনবল কাঠামোর আওতায় ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে ২৯ জন কর্মকর্তা/কর্মচারি কোম্পানির দাপ্তরিক কার্যাদি পরিচালনা করে আসছেন। এই স্থায়ী জনবলের বাইরে প্রয়োজনানুযায়ী অস্থায়ী ভিত্তিতে পরামর্শক (ব্যক্তি/প্রতিষ্ঠান) নিয়োগের মাধ্যমে বিএমডিএফ-এর কার্যাদি সম্পাদন করা হয়।

বিএমডিএফ বর্তমানে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় মিউনিসিপল গভার্ন্যান্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট (এমজিএসপি)-এর আওতায় দেশের পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পূর্ত কাজের বিপরীতে অর্থায়ন কার্যক্রম অব্যাহত রেখেছে।

**বিগত অর্থ বছরে বিএমডিএফ উল্লেখযোগ্য কার্যাবলী সম্পাদন করা হয় ঃ**

# প্রশাসন

১. আলোচ্য অর্থ বছরে বিএমডিএফ পরিচালনা পর্ষদ এর ০৬টি সভা এবং সাধারণ পরিষদ এর ০১টি বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

২. বিশ্বব্যাংকের অর্থায়নে এমজিএসপি'র আওতায় বিএমডিএফ এর কর্ম-কৌশল, স্থায়িত্ব, অর্থায়নের ধরণ ও প্রক্রিয়া, অর্থায়ন কৌশল, অর্থায়ন নীতিমালা প্রভৃতি নির্ধারণের লক্ষ্যে বিশ্বব্যাংকের পরামর্শক্রমে ওএসসিবি স্টাডির প্রণয়নের কার্যক্রম গ্রহণ।

৩. বিএমডিএফ এর আওতায় বাস্তবায়নাধীন এমজিএসপি'র অধীন প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ) এর ২৪ জন ব্যক্তি পরামর্শকের চুক্তি ৩১ ডিসেম্বর ২০২০ মাস পর্যন্ত বৃদ্ধি করা।

৪. বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমানের নিয়োগের চুক্তি নবায়নের বিষয়ে পরিচালনা পর্ষদ এর ০৩ জন সদস্য এবং ০১ জন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন।

৫. এমজিএসপি'র আওতায় অপারেশন সাপোর্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং (ওএসসিবি) স্টাডি'র কাজ সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন পদে ০৯ জন ব্যক্তি পরামর্শকের চুক্তি মূল্য অনুমোদন এবং ওএসসিবি স্টাডি'র প্রধান পরামর্শকের চুক্তি মূল্য বৃদ্ধি ব্যতীত মূল চুক্তিতে ০৪টি ধাপে বিল পরিশোধের স্থলে ০৫টি ধাপে বিল পরিশোধ করার পদক্ষেপ গ্রহণ।

৬. বিএমডিএফ এর আওতায় গৃহীত এমজিএসপি'র প্রকল্পের জন্য কমিউনিকেশন স্পেশালিস্ট পদে ব্যক্তি পরামর্শক নিয়োগ।

৭. এমজিএসপি প্রকল্পের আওতায় ৩৪টি উপ-প্রকল্প বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধিসহ বিএমডিএফ এর সাথে সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহের সম্পাদিত Sub Credit Agreements (SCAs) সংশোধনের কার্যক্রম গ্রহণ।

৮. বিএমডিএফ সাধারণ পরিষদ-এর ১৬তম বার্ষিক সাধারণ সভা ৩০ ডিসেম্বর ২০২০, সন্ধ্যা ০৭:০০ টায় রেডিসন ব্লু ঢাকা ওয়াটার গার্ডেন হোটেলে আয়োজন এবং উক্ত সাধারণ সভার অব্যবহিত পূর্বে একই তারিখ ও স্থানে সন্ধ্যা ০৬:০০ টায় পরিচালনা পর্ষদের ১১২তম সভা আয়োজন।

৯. বিএমডিএফ এর কোম্পানি সচিব জনাব নাসির উদ্দিন আহমদ চৌধুরীকে তাঁর সসম্মানে পদে পুনর্বহালসহ সকল পাওনাদি বিধি মোতাবেক পরিশোধের ব্যবস্থা গ্রহণ।

১০. এমজিএসপি'র আওতায় প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ)'র অধীনে ২২ জন ব্যক্তি পরামর্শকের চুক্তির মেয়াদ ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি।

১১. বিএমডিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ হাসিনুর রহমানের চুক্তি সমাপ্তিতে একই শর্তাদির আলোকে চুক্তির মেয়াদ ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করা এবং বিষয়টি কোম্পানির সাধারণ সভার সম্মতিক্রমে বাস্তবায়ন।



"বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী" বই বিতরণ

১২. ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে বিএমডিএফ এর একজন সার্বক্ষণিক ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের লক্ষ্যে পরিচালনা পর্ষদের ০৫ জন সদস্য এবং ০২ জন কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন।

১৩. এমজিএসপি'র আওতায় অপারেশন সাপোর্ট এন্ড ক্যাপাসিটি বিল্ডিং (ওএসসিবি) এর প্রধান পরামর্শকসহ মোট ১০ জন পরামর্শকের চুক্তি মূল্য বৃদ্ধি ব্যতীত চুক্তির মেয়াদ বৃদ্ধি।

১৪. কোম্পানির ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ১৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন এবং অনুমোদন।

১৫. মেসার্স খান ওহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস কর্তৃক দাখিলকৃত ২০১৯-২০২০ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন গ্রহণপূর্বক কোম্পানির ১৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থাপন।

১৬. বকেয়া ঋণ আদায়ের লক্ষ্যে বিএমডিএফ ঋণ খেলাপী পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহের সাথে যোগাযোগ অব্যাহত রাখা।

১৭. বিএমডিএফ এর আওতায় পরবর্তী প্রকল্পে পরামর্শক দল/ব্যক্তি পরামর্শক নিয়োগ করলে তাঁদের ToR এ বিএমডিএফ এর খেলাপী ঋণ আদায়ে সহযোগিতা প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত করে সিদ্ধান্ত গ্রহণ।




**বিএমডিএফ'র ১৬তম বার্ষিক সাধারণ সভা**

১৮. বিএমডিএফ এর ভূমিকা, কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কে সম্যক ধারণা লাভের জন্য বিএমডিএফ এর ভবিষ্যৎ বার্ষিক প্রতিবেদন কালার প্রিন্ট ও বাঁধাই করে দেশের সকল পৌরসভা ও সিটি কর্পোরেশনে প্রেরণ।

১৯. সর্বোচ্চ ঋণ খেলাপী ২৫টি পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তাদেরকে নিয়ে চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ এবং সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

২০. বিএমডিএফ এর অর্থায়নে লামা পৌরসভায় বাস্তবায়িত ওয়াটার ট্রিটমেন্ট প্লান্টটি স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব (পৌর-১) জনাব মোহাম্মদ ফারুক হোসেন কর্তৃক সরেজমিনে পরিদর্শনপূর্বক সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গ্রহণ।

২১. কোম্পানির ২০২০-২০২১ অর্থ বছরের আর্থিক বিবরণী নিরীক্ষার জন্য মেসার্স হুসাইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস ফার্মকে মূসকসহ ১,১৫,০০০ (এক লক্ষ পনের হাজার) টাকা ফি এর বিনিময়ে নিয়োগ প্রদান।

২২. বিএমডিএফ এর আওতায় সর্বোচ্চ ঋণ খেলাপী ২৫টি পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তাদেরকে নিয়ে চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ এবং সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ-এর সভাপতিত্বে সভা আয়োজনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব (নগর উন্নয়ন-২) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

২৩. বিএমডিএফ এর চাকুরি বিধিমালার তফসিল-২ এর ০১ নং সারিতে বর্ণিত 'বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে আবেদন করার সর্বোচ্চ বয়সসীমা ৬৫ বছর' এর পরিবর্তে 'বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৬০ বছর' দ্বারা প্রতিস্থাপনের সিদ্ধান্ত গ্রহণ।

২৪. বিএমডিএফ এর আওতায় যে সকল পৌরসভা/সিটি কর্পোরেশন বকেয়া ঋণ পরিশোধে ব্যর্থ/খেলাপী হিসেবে চিহ্নিত হয়েছে, সে সকল পৌরসভা/সিটি কর্পোরেশনকে স্থানীয় সরকার বিভাগের আওতায় গৃহীত/গৃহীতব্য জলবায়ু প্রকল্প এবং আরবান গভার্ন্যান্স প্রজেক্ট (UGIIP-IV)-এর অন্তর্ভুক্ত না করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

২৫. খুলনা সিটি কর্পোরেশনের আওতায় গৃহীত উপ-প্রকল্প (প্যাকেজ নং-W-028) এবং ঝিনাইদহ পৌরসভার আওতায় গৃহীত উপ-প্রকল্প (প্যাকেজ নং-W-011) এর কাজ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব নয় বিধায় উপ-প্রকল্প দু'টির কাজের চুক্তি বাতিলের সিদ্ধান্ত গ্রহণ।

২৬. মোংলাপোর্ট পৌরসভায় বাস্তবায়নাধীন উপ-প্রকল্পটির পূর্ত কাজ যথাসময়ে সমাপ্তির লক্ষ্যে কাজের গতি এবং গুণগত মান যাচাইয়ের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব (পৌর-১) জনাব মোহাম্মদ ফারুক হোসেন এবং বিএমডিএফ এর প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ)-এর প্রজেক্ট ম্যানেজার জনাব এ কে এম কামরুজ্জামান উপ-প্রকল্পটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ।

২৭. বিএমডিএফ পরিচালনা পর্ষদ-এর ৫৪তম সভার সিদ্ধান্তের আলোকে চার-এর অধিক কিস্তি খেলাপী পৌরসভাকে ঋণের কিস্তি পরিশোধ না করা অবধি ফান্ডিং (অর্থায়ন) স্থগিত রাখার সিদ্ধান্তের আলোকে এমজিএসপি'র আওতায় রাজবাড়ী ও সাতকানিয়া পৌরসভায় বাস্তবায়িত উপ-প্রকল্পের পূর্ত কাজের চূড়ান্ত বিলের অর্থ ছাড়করণ হতে বিরত রাখার সিদ্ধান্ত গ্রহণ।

২৮. বিএমডিএফ এর কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক বেতন বৃদ্ধির ধাপ ১০ম হতে ১৯তম ধাপে বর্ধিত/উন্নীত করার বিষয়ে বিএমডিএফ পরিচালনা পর্ষদ-এর ০২ জন পর্ষদ সদস্য এবং স্থানীয় সরকার বিভাগের উপ-সচিব (পৌর-১) এর সমন্বয়ে কমিটি গঠন।

২৯. এমজিএসপি'র আওতায় OSCB স্টাডির নিয়োজিত ব্যক্তি পরামর্শকগণ কর্তৃক আয়োজিত ১৪-১৬ জানুয়ারী, ২০২১ তারিখে গাজীপুরস্থ রাজেন্দ্রপুরের BRAC CDM রিসোর্টে আবাসিক কর্মশালা আয়োজন।

৩০. বিএমডিএফ পরিচালনা পর্ষদ-এর সভা অথবা দাপ্তরিক যে কোন সভা উপলক্ষে বিএমডিএফ এর আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের জন্য গেট পাশ জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৩১. বিএমডিএফ-এর ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট, ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থ বছরের প্রক্ষেপন বাজেট পর্ষদ কর্তৃক অনুমোদন এবং একই সাথে দাপ্তরিক কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখতে বছর ভিত্তিক প্রকৃত চাহিদার তুলনায় জিওবি/আরপিএ বাজেটে কম বরাদ্দ থাকায় ঘাটতি বাজেটের অর্থ বিএমডিএফ-এর নিজস্ব উৎস হতে ব্যয় করার অনুমোদন প্রদান।

৩২. এমজিএসপি'র আওতায় অবশিষ্ট উপ-প্রকল্পের পূর্ত কাজের Certification of Works স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED) হতে সংগ্রহপূর্বক বিএমডিএফ বিল ছাড়করণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৩৩. বিএমডিএফ এর স্থায়ী জনবল কাঠামোর অন্তর্ভুক্ত প্রকৌশল শাখার প্রধান 'প্রোগ্রাম ম্যানেজার' পদে জনবল নিয়োগের বিষয়ে নিয়োগের পদ্ধতি ও পূর্বশর্ত/যোগ্যতার বিষয়ে পর্ষদ সভাকে অবহিতকরণ।

৩৪. বিএমডিএফ এর সার্বক্ষণিক ব্যবস্থাপনা পরিচালক যোগদানের পূর্ব পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন) এবং সদস্য, পরিচালনা পর্ষদ, বিএমডিএফ জনাব মরণ কুমার চক্রবর্তী সকল আর্থিক ক্ষমতাসহ ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালনের সিদ্ধান্ত গ্রহণ।

৩৫. জাতীয় তথ্য বাতায়নের আলোকে বিএমডিএফ-এর নিজস্ব নতুন ওয়েব সাইট চালু করা হয়। উক্ত ওয়েব সাইটে 'ইনোভেশন কর্ণার' নামে একটি ব্লগ চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

৩৬. নিয়মিতভাবে বিএমডিএফ দপ্তরের ইনোভেশন ও শুদ্ধাচার বিষয়ক কমিটির সভাসমূহ অনুষ্ঠিত হয়ে থাকে।

৩৭. শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭ অনুযায়ী বিএমডিএফ-এ কর্মরত কর্মচারী ও কর্মকর্তাগণের মধ্যে হতে একজন কর্মকর্তা ও একজন কর্মচারিকে 'শুদ্ধাচার ও নৈতিকতা'য় শ্রেষ্ঠ বিবেচনায় এনে কর্মকর্তা শ্রেণীভুক্ত হতে বাজেট কন্ট্রোল এন্ড অডিট অফিসার জনাব মোহাম্মদ নাজির হোসেন এবং কর্মচারী শ্রেণীভুক্ত হতে অফিস রানার জনাব হানিফুর রহমানকে নির্বাচিত করা হয়। একই সাথে নির্বাচিত কর্মকর্তা ও কর্মচারীকে তাঁদের মূল বেতনের সমপরিমাণ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করা হয়।



ওয়ার্কশপ উইথ বিএমডিএফ টীম অন প্রগ্রেস টু ডেট অব ওএসসিবি স্টাডি টিম' শীর্ষক কর্মশালা

৩৮. বাংলাদেশ সরকারের মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক নির্দেশিত বিএমডিএফ এর বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ অর্থ বছরে ইনোভেশন কর্মকান্ডে অবদান রাখার জন্য ফাইন্যান্সিয়াল এনালিস্ট কাম কন্ট্রোলার জনাব মোঃ এনামুল হককে ইনোভেশন পুরস্কার হিসেবে দশ হাজার টাকা মূল্যমানের প্রাইজবন্ড, একটি ক্রেস্ট এবং একটি সনদ পত্র প্রদান করা হয়।

৩৯. ১৬ নভেম্বর ২০২০ তারিখে মিরপুরস্থ ইউসেপ অডিটোরিয়ামে এমজিএসপি'র আওতায় প্রণীত খসড়া ওএসসিবি স্টাডির উপর 'ওয়ার্কশপ উইথ বিএমডিএফ টীম অন প্রগ্রেস টু ডেট অব ওএসসিবি স্টাডি টিম' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।



মোঃ এনামুল হককে ইনোভেশন পুরস্কার প্রদান

৪০. ২০২০-২০২১ অর্থ বছরে বিএমডিএফ এর আওতায় এমজিএসপি'র অধীন পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহে বাস্তবায়নাধীন/বাস্তবায়িত উপ-প্রকল্পসমূহের পূর্ত কাজের গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যবস্থাপনা পরিচালকসহ পিএমইউ'র এর উর্ধ্বতন ব্যক্তি পরামর্শকগণ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহ পরিদর্শন করেন। বিশ্বব্যাংকের মিশন টিমও এ প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন কয়েকটি উপ-প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শনকৃত উপ-প্রকল্পসমূহের কাজের গুণগত মান দেখে তাঁরা সন্তোষ প্রকাশ করে।

৪১. বিএমডিএফ এর আওতায় এমজিএসপি'র সফল বাস্তবায়নের লক্ষ্যে গত ১৬-১৯ আগস্ট ২০২০ এবং ২১-২৫ মার্চ ২০২১ তারিখে বিশ্বব্যাংক ওয়াশিংটন এর প্রতিনিধি দল বিএমডিএফ পরিদর্শন করেন এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে মতবিনিময় করে।

৪২. গত ০৯.০২.২০২১ তারিখে বিশ্বব্যাংকের অর্থায়নে বিএমডিএফ কর্তৃক বাস্তবায়িত প্রকল্প এমজিএসপি'র অপারেশনাল অডিট টিমের সাথে বিএমডিএফ কর্মকর্তাদের এক মতবিনিময় সভার আয়োজন।

৪৩. আলোচ্য অর্থ বছরে জাতীয় শোক দিবস উপলক্ষে বিএমডিএফ এর সকল কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন।




জাতীয় শোক দিবসে আলোচনা সভা

৪৪. হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে বিএমডিএফ কর্তৃক শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস্ কলেজের শিক্ষার্থীদের অধ্যায়নের লক্ষ্যে এবং কলেজ পাঠাগারে ১০০ কপি ''বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী" বই বিতরণ। উপহার হিসেবে প্রদান।

৪৫. কোম্পানির সম্পদ ব্যবস্থাপনা সু-শৃঙ্খল রাখার জন্য বার্ষিক ইনভেন্টরি হাল নাগাদ করা হয়েছে। নিয়মিত বিরতিতে পুরোনো ও অকেজো মালামাল বিধি মোতাবেক অপসারণ / নিস্পত্তি করা হচ্ছে

# অর্থ শাখা







বাম থেকে- মৃধা শাহীনুর রহমান- একাউন্টস অফিসার, মোহাম্মদ নাজির হোসেন- বাজেট কন্ট্রোল এন্ড অডিট অফিসার, মোহাম্মদ এনামুল হক-ফাইন্যান্সিয়াল এনালিস্ট কাম কন্ট্রোলার, সৈয়দা সুলতানা নাসরীন- ফাইন্যান্স ম্যানেজার, রাবেয়া খাতুন- ক্রেডিট এন্ড ফাইন্যান্স অফিসার, মোঃ সানাউল কামাল-একাউন্ট্যান্ট

# আর্থিক কার্যক্রম

*ভূমিকাঃ*


অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) পৌরসভা ও সিটি কর্পোরেশনের টেকসই অবকাঠামোগত উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে নিয়োজিত একটি সরকারি মালিকানাধীন কোম্পানি। বিএমডিএফ-এর অধীনে ২০০৪ হতে ২০১২ সন পর্যন্ত বিশ্ব ব্যাংকের অর্থায়নকৃত প্রথম প্রকল্প মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রজেক্ট (এম.এস.পি)-এর আওতায় আইডিএ ক্রেডিট নং ৩১৭৭-বিডি হতে ৩৯০ কোটি টাকা ব্যয়ে ১১৪টি পৌরসভা / সিটি কর্পোরেশনে ৪৫৪টি উপ-প্রকল্প এবং আইডিএ ক্রেডিট নং ৪৭৬১-বিডি এর আওতায় ২৯৩ কোটি টাকা ব্যয়ে ৬৬টি পৌরসভা / সিটি কর্পোরেশনে ১৪০টি উপ-প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে গৃহীত ২য় প্রকল্প মিউনিসিপল গভার্নেন্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট (এম.জি.এস.পি) বাস্তবায়নে আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি এর জন্য ১০ মার্চ ২০২০ তারিখে সম্পাদিত Amendment to the Financing Agreement (2nd) অনুযায়ী বিএমডিএফ (ক্যাটাগরি ৩ ও ৫)-এর জন্য বর্তমানে বরাদ্দ ৭৯.৮৫ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৯১০ কোটি টাকা (১১১.৪৬ মিলিয়ন মার্কিন ডলার) এবং সর্বশেষ ৯ মার্চ ২০২১ তারিখে সম্পাদিত Restructuring (3rd) অনুযায়ী এই প্রকল্পের মেয়াদকাল ০৬ এপ্রিল ২০১৪ হতে ৩১ মে ২০২২ পর্যন্ত। বিএমডিএফ-এর অধীনে বিশ্বব্যাংকের অর্থায়নকৃত এই প্রকল্পের আওতায় ৬৩টি পৌরসভা/সিটি কর্পোরেশনে ৯১০ কোটি টাকার ১২২টি উপ-প্রকল্প বাস্তবায়িত হয়েছে।

০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত সময়ে বিএমডিএফ-এর উল্লেখযোগ্য আর্থিক কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে প্রদত্ত হলো:


## *সরকারি কোষাগারে ঋণের আসল ও সুদ জমা*

বিএমডিএফ ও অর্থ বিভাগের মধ্যে আইডিএ ক্রেডিট নং ৩১৭৭, ৪৭৬১ এবং ৫৩৩৯-বিডি এর আওতায় সম্পাদিত Subsidiary Loan and Grant Agreement (SLGA)-এর Repayment Schedule অনুযায়ী ২০০৮-০৯ সাল হতে প্রতি অর্থ বছরে বিএমডিএফ ঋণের (Debt Service Liability) আসল ও সুদ বাবদ অর্থ সরকারকে নিয়মিতভাবে পরিশোধ করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ বছরে আসল বাবদ ৬.৭৪ কোটি টাকা এবং সুদ বাবদ ২.০১ কোটি টাকা অর্থাৎ মোট ৮.৭৫ কোটি টাকা ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করা হয়েছে। এ খাতে শুরু থেকে এখন পর্যন্ত ক্রমপুঞ্জিত জমার পরিমাণ ৭৫.৬৮ কোটি টাকা। বিএমডিএফ কর্তৃক সরকারকে ডিএসএল পরিশোধের বিগত ১৩ অর্থ বছরের তথ্য পরবর্তী লেখচিত্রে দেখানো হলো:



## সরকারি কোষাগারে আয়কর ও কোনটাসা হিসাবের সুদ জমা

২০২০-২১ অর্থ বছরে বিবিধ ব্যাংকে মেয়াদি/চলতি আমানত থেকে প্রাপ্ত মুনাফার উপর উৎসে আয়কর বাবদ ১.৯৯ কোটি টাকা কর্তন করে বিএমডিএফ-এর পক্ষে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে এবং ২০১২-১৩ অর্থ বছর থেকে এ খাতে ক্রমপুঞ্জিত জমার পরিমাণ ১১.১২ কোটি টাকা। এছাড়া জনতা ব্যাংক, মতিঝিল কর্পোরেট শাখায় প্রকল্পের কোনটাসা (Convertible Taka Special Account) হিসাবের সুদ বাবদ জনতা ব্যাংক কর্তৃক বিএমডিএফ-এর পক্ষে বিবেচ্য অর্থ বছরে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে ৩.১৬ কোটি টাকা এবং শুরু থেকে এ খাতে ক্রমপুঞ্জিত জমার পরিমাণ ২৩.৭৩ কোটি টাকা। নিচের লেখচিত্রে বিগত ৭ অর্থ বছরে বিএমডিএফ-এর আয়কর ও কোনটাসা হিসাবের সুদ বাবদ জমার তথ্য দেখানো হলো:



## সরকারি বিশেষ অনুদান

সরকারের নিকট থেকে অনুন্নয়ন ব্যয় খাতে বিশেষ অনুদান হিসেবে প্রতি অর্থ বছরে বিএমডিএফ পরিচালন ব্যয় নির্বাহের জন্য থোক বরাদ্দ পেয়ে আসছে। ২০২০-২১ অর্থ বছরে সরকারের নিকট থেকে এ খাতে বিএমডিএফ বাজেট বরাদ্দ প্রাপ্ত হয়েছে ৩.৫০ কোটি টাকা; পরিচালন ব্যয় হয়েছে ৩.৪৩ কোটি টাকা (বাজেট বাস্তবায়নের হার ৯৮%) এবং অব্যয়িত ছিল মাত্র ৬.৭০ লক্ষ টাকা। অব্যয়িত অর্থ যথাসময়ে সরকারি কোষাগারে ফেরত প্রদান করা হয়েছে।




**বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে বিএমডিএফ-এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের জন্য অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সভাকক্ষে অর্থায়নের চুক্তি স্বাক্ষরিত**

## *বিশ্বব্যাংকের সাথে প্রকল্প বাস্তবায়নে আর্থিক চুক্তি স্বাক্ষর*

বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের মধ্যে ১০ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে বিএমডিএফ ও এলজিইডি-এর মাধ্যমে মিউনিসিপল গভার্নেন্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট (এম.জি.এস.পি) বাস্তবায়নের জন্য আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি এর Financing Agreement [২৬৬.৬ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৩,১৮৩ কোটি টাকা (৪১০ মিলিয়ন মার্কিন ডলার)] সম্পাদিত হয়। ১০ মার্চ ২০২০ তারিখে সম্পাদিত Amendment to the Financing Agreement (2nd) অনুযায়ী এলজিইডি-তে ২৫.৯৫ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৩০৬ কোটি টাকা (৩৬.০৮ মিলিয়ন মার্কিন ডলার) স্থানান্তর হওয়ায় বিএমডিএফ (ক্যাটাগরি ৩ ও ৫)-এর জন্য বর্তমানে বরাদ্দ ৭৯.৮৫ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৯১০ কোটি টাকা (১১১.৪৬ মিলিয়ন মার্কিন ডলার) এবং সর্বশেষ ৯ মার্চ ২০২১ তারিখে সম্পাদিত Restructuring (3rd) অনুযায়ী এই প্রকল্পের মেয়াদকাল ০৬ এপ্রিল ২০১৪ হতে ৩১ মে ২০২২ পর্যন্ত। বিশ্বব্যাংকের এই ক্রেডিটের সংশোধিত তহবিল প্রবাহ নিচের ছকে দেখানো হলো:

**আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি (এমজিএসপি)-এর তহবিল প্রবাহ**

| বিবরণ | এস.ডি.আর (মিলিয়ন) | | | টাকা (কোটি) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ক্যাটাগরি ৩ | ক্যাটাগরি ৫ | মোট | ক্যাটাগরি ৩ | ক্যাটাগরি ৫ | মোট | |
| বিশ্বব্যাংকের অর্থায়ন: বিএমডিএফ ও এলজিইডি | - | - | ২৬৬.৬ | - | - | ৩,১৮৩ | বিশ্বব্যাংক ও সরকারের মধ্যে আর্থিক চুক্তি ১০/০২/২০১৪ |
| বিএমডিএফ-এর জন্য পূর্বের বরাদ্দ | ১০০.৮ | ৫.০ | ১০৫.৮ | ১,২০২ | ৬০ | ১,২৬২ | |
| বৈদেশিক মুদ্রা বিনিময় হার জনিত ক্ষতি | - | - | - | (৪৩) | (৩) | (৪৬) | মার্কিন ডলার কম প্রাপ্তি |
| এলজিইডি-তে স্থানান্তর | (২৬.০) | - | (২৬.০) | (৩০৬) | - | (৩০৬) | **সংশোধিত আর্থিক চুক্তি ১০/০৩/২০২০** |
| **বিএমডিএফ-এর জন্য বর্তমান বরাদ্দ** | **৭৪.৮** | **৫.০** | **৭৯.৮** | **৮৫৩** | **৫৭** | **৯১০** | |

*ক্যাটাগরি ৩: পৌরসভা / সিটি কর্পোরেশনে উপ-প্রকল্প বাস্তবায়নের পূর্ত কাজ, পরামর্শক সেবা ও পণ্য ক্রয়; এবং*
*ক্যাটাগরি ৫: বিএমডিএফ-এর পরামর্শক সেবা, বিভিন্ন কর্মশালা/ প্রশিক্ষণ, পণ্য ক্রয় এবং অন্যান্য পরিচালন ব্যয়।*

## চলমান প্রকল্পের আর্থিক অগ্রগতি

বিএমডিএফ তার নিজস্ব নীতিমালা অনুযায়ী পৌরসভা/সিটি কর্পোরেশনের অবকাঠামোগত উন্নয়ন কাজের লক্ষ্যে অর্থ প্রদান করে থাকে। চলমান এম.জি.এস.পি প্রকল্প বাস্তবায়নে পূর্ত কাজের বিপরীতে মোট প্রকল্প ব্যয়ের ৯০% অর্থ আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি থেকে নির্বাহ করা হয়। বিএমডিএফ-এর ৮০% অর্থ অনুদান হিসেবে এবং ২০% অর্থ ঋণ হিসেবে পৌরসভা/সিটি কর্পোরেশনকে প্রদান করা হয়। আলোচ্য আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি এর আওতায় ২০২০-২১ অর্থ বছরে বিএমডিএফ-এর প্রাপ্ত তহবিলের পরিমাণ ১৫৮ কোটি টাকা এবং প্রকল্পের ব্যয়ের পরিমাণ ১৮৪ কোটি টাকা। এ প্রকল্পে শুরু থেকে ২০২০-২১ অর্থ বছর পর্যন্ত প্রাপ্ত তহবিল ৭৯.০৮ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৯১০ কোটি টাকা এবং ব্যয় ৭৬.১৫ মিলিয়ন এস.ডি.আর-এর সমপরিমাণ ৮৬৮ কোটি টাকা (আর্থিক অগ্রগতির হার বর্তমান বরাদ্দের ৯৫%) যার মধ্যে পরামর্শক সেবা বাবদ ব্যয় ২৫ কোটি টাকা (মোট ব্যয়ের ২.৯৩%)। বিশ্বব্যাংকের এই ক্রেডিটের বিএমডিএফ-অংশের আর্থিক অগ্রগতি নিচের ছকে দেখানো হলো:

**আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি (এম.জি.এস.পি)-এর আর্থিক অগ্রগতি**


| বিবরণ | এস.ডি.আর (মিলিয়ন) | | | টাকা (কোটি) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ক্যাটাগরি ৩ | ক্যাটাগরি ৫ | মোট | ক্যাটাগরি ৩ | ক্যাটাগরি ৫ | মোট | |
| তহবিল প্রাপ্তি | ৭৬.১ | ৩.৭ | ৭৯.৮ | ৮৬৮ | ৪২ | ৯১০ | ২০১৪-১৫ হতে ২০২০-২১ |
| প্রকল্পের ব্যয় | ৭২.৬ | ৩.৬ | ৭৬.২ | ৮২৭ | ৪১ | ৮৬৮ | |
| জনতা ব্যাংকে জমা | ৩.৫ | ০.১ | ৩.৬ | ৪১ | ১ | ৪২ | ৩০/০৬/২০২১ |

**ক্যাটাগরি ৩:** পৌরসভা / সিটি কর্পোরেশনে উপ-প্রকল্প বাস্তবায়নের পূর্ত কাজ, পরামর্শক সেবা ও পণ্য ক্রয়; এবং
**ক্যাটাগরি ৫:** বিএমডিএফ-এর পরামর্শক সেবা, বিভিন্ন কর্মশালা/ প্রশিক্ষণ, পণ্য ক্রয় এবং অন্যান্য পরিচালন ব্যয়।

এ প্রকল্পের আওতায় বিএমডিএফ-এর অর্থায়নে ৬০টি পৌরসভা ও ৩টি সিটি কর্পোরেশনে ৮৬০ কোটি টাকার ১২২টি উপ-প্রকল্প বাস্তবায়িত হয়েছে। উপ-প্রকল্পসমূহের মধ্যে রয়েছে মিউনিসিপল/কিচেন মার্কেট, পৌর অফিস ভবন, অডিটোরিয়াম, কমিউনিটি সেন্টার, বাস/ট্রাক টার্মিনাল, সড়ক, ড্রেন, সড়ক বাতি, পাবলিক টয়লেট নির্মাণ, নলকূপ, পানি সরবরাহ পাইপ লাইন স্থাপন ইত্যাদি। ২০২০-২১ অর্থ

বছরে পৌরসভা/সিটি কর্পোরেশনের উপ-প্রকল্প বাস্তবায়নে ৯০% হিসেবে অর্থ ছাড় করা হয়েছে ১৮৪ কোটি টাকা এবং শুরু থেকে এ পর্যন্ত ছাড়কৃত অর্থের পরিমান ৮২৭ কোটি টাকা (অনুদান ৬৬২ কোটি টাকা ও ঋণ ১৬৫ কোটি টাকা)।

বিগত ৭ অর্থ বছরে আইডিএ হতে বিএমডিএফ-এর প্রাপ্ত তহবিল ও প্রকল্পের ব্যয় নিচের লেখচিত্রে দেখানো হলো:






বিএমডিএফ-এর অর্থায়নে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক ক্রয়কৃত রোড সুইপার ট্রাক


## অনুদান ও ঋণ বিতরণ

বিএমডিএফ কর্তৃক ১৬৯টি পৌরসভা/সিটি কর্পোরেশনে মিউনিসিপ্যাল সার্ভিসেস প্রকল্প (এম.এস.পি)-এর আইডিএ ক্রেডিট নং ৩১৭৭ ও ৪৭৬১-বিডি এর আওতায় ৫৮১ কোটি টাকা অনুদান ও ১০২ কোটি টাকা ঋণ এবং মিউনিসিপ্যাল গভর্ন্যান্স এন্ড সার্ভিসেস প্রকল্প (এম.জি.এস.পি)-এর আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি এর আওতায় ৬৬২ কোটি টাকা অনুদান ও ১৬৫ কোটি টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উল্লেখ্য, এম.জি.এস.পি প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ৯০% অর্থ (৭২% অর্থ অনুদান এবং ১৮% অর্থ ঋণ) বিএমডিএফ কর্তৃক পৌরসভা/সিটি কর্পোরেশনকে বরাদ্দ দেয়া হয়। অবশিষ্ট ১০% অর্থ সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন 'ম্যাচিং কন্ট্রিবিউশন' হিসেবে প্রদান করে থাকে। ৩০ জুন ২০২১ পর্যন্ত অনুদান ও ঋণ বিতরণের পরিমাণ নিচের ছকে দেখানো হলো:

**অনুদান ও ঋণ বিতরণ**

| আইডিএ ক্রেডিট নং | ৩১৭৭-বিডি | ৪৭৬১-বিডি | ৫৩৩৯-বিডি | সর্বমোট |
|---|---|---|---|---|
| প্রকল্পের নাম | এম.এস.পি (সমাপ্ত) | | এম.জি.এস.পি (চলমান) | |
| সিটি কর্পোরেশন ও পৌরসভা | ১১৫ | ৬৬ | ৬৩ | ১৬৯ |
| উপ-প্রকল্প সংখ্যা | ৪৫৪ | ১৪০ | ১২২ | ৭১৬ |
| অনুদান (কোটি টাকা) | ৩৩১.৮৪ | ২৪৮.৭৩ | ৬৬১.৮৫ | ১,২৪২.৪২ |
| ঋণ (কোটি টাকা) | ৫৮.৫৬ | ৪৩.৮৯ | ১৬৫.৪৬ | ২৬৭.৯১ |
| মোট অর্থায়ন (কোটি টাকা) | **৩৯০.৪১** | **২৯২.৬২** | **৮২৭.৩১** | **১,৫১০.৩৪** |

এমজিএসপি প্রকল্পের আওতায় ৬৩টি পৌরসভা/সিটি কর্পোরেশনে বিএমডিএফ-এর অনুদান ও ঋণ বিতরণের পরিমাণ নিচের লেখচিত্রে দেখানো হলো:




## ঋণ আদায়

বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় (আইডিএ ক্রেডিট নং ৩১৭৭, ৪৭৬১ ও ৫৩৩৯-বিডি এর আওতায়) অবকাঠামো নির্মাণে পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক বিএমডিএফ হতে গৃহীত তহবিলের একটি অংশ ঋণ, যা ১ বছর রেয়াতি কালসহ ১০ বছরে ৩৭টি কিস্তিতে বার্ষিক ৫% হার সুদে সংশ্লিষ্ট পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক উপ-প্রকল্প চুক্তি (এস.পি.এ) মোতাবেক বিএমডিএফ-কে পরিশোধ করতে হয়। ৩০ জুন ২০২১ পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ নিচের ছকে দেখানো হলো:

**ঋণ আদায়**


| আইডিএ ক্রেডিট নং | ৩১৭৭-বিডি | ৪৭৬১-বিডি | ৫৩৩৯-বিডি | সর্বমোট |
|---|---|---|---|---|
| প্রকল্পের নাম | এম.এস.পি (সমাপ্ত) | | এম.জি.এস.পি | |
| সিটি কর্পোরেশন ও পৌরসভা | ১১৫ | ৬৬ | ৬৩ | ১৬৯ |
| প্রদত্ত ঋণের (এস.পি.এ) সংখ্যা | ১২৯ | ৬৬ | ৭৪ | ২৬৯ |
| বিতরণকৃত ঋণ (কোটি টাকা) | ৫৮.৫৬ | ৪৩.৮৯ | ১৬৫.৪৬ | ২৬৭.৯১ |
| আদায়যোগ্য ঋণ সুদসহ (কোটি টাকা) | ৭৪.৮৬ | ৫২.৮১ | ৭৩.৩৭ | ২০১.০৪ |
| ঋণের কিস্তি আদায় (কোটি টাকা) | ৬৫.৪০ | ৩৮.৪৩ | ৩৯.৮১ | ১৪৩.৬৪ |
| ঋণ আদায়ের হার | ৮৭% | ৭৩% | ৫৪% | ৭১% |

বিগত ৮ অর্থ বছরে ৩টি ক্রেডিটের সম্মিলিত ঋণ আদায়ের হার নিচের লেখচিত্রে দেখানো হলো:



ঋণ আদায়ের হার বৃদ্ধির জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। অব্যাহতভাবে পত্র প্রেরণ ও টেলিফোনে যোগাযোগ করা হচ্ছে। ঋণ খেলাপী সকল পৌরসভা/সিটি কর্পোরেশনের নামসহ হালনাগাদ তথ্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়াও, বিএমডিএফ হতে নতুনভাবে তহবিল প্রাপ্তিতে অনাদায়ী কিস্তি বিরূপ প্রভাব ফেলতে পারে মর্মেও পৌরসভা/সিটি কর্পোরেশনগুলোকে জানানো হয়েছে এবং ৪টির বেশি কিস্তি অনাদায়ী থাকলে চলমান প্রকল্পের বিল পরিশোধ বন্ধ রাখা হচ্ছে। সর্বশেষ, যে সকল পৌরসভা/সিটি কর্পোরেশন বিএমডিএফ-এর বকেয়া ঋণ পরিশোধে ব্যর্থ/খেলাপী হিসেবে চিহ্নিত হয়েছে, সে সকল পৌরসভা/সিটি কর্পোরেশনকে স্থানীয় সরকার বিভাগের আওতায় গৃহীত/গৃহীতব্য বিবিধ প্রকল্পে অন্তর্ভুক্ত না করার বিষয়ে পর্ষদের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। ফলস্বরূপ, আইডিএ ক্রেডিট নং ৩১৭৭-বিডি এর অধীনে অর্থায়ন প্রাপ্ত ৬৮টি পৌরসভা, ক্রেডিট নং ৪৭৬১-বিডি এর অধীনে অর্থায়ন প্রাপ্ত ৩টি পৌরসভা এবং চলমান ক্রেডিট নং ৫৩৩৯-বিডি এর অধীনে অর্থায়ন প্রাপ্ত ১টি পৌরসভা কর্তৃক গৃহীত ঋণ পুরোপুরি পরিশোধ করা হয়েছে।

আইডিএ ক্রেডিট অনুযায়ী বিএমডিএফ-এর বিতরণকৃত, আদায়যোগ্য ও আদায়কৃত ঋণের পরিমাণ নিচের লেখচিত্রে দেখানো হলো:



## হিসাব নিরীক্ষা

বিএমডিএফ-এর আর্থিক বিবরণী প্রতি বছর চার্টার্ড একাউনট্যান্ট ফার্ম (বহিঃ নিরীক্ষক) কর্তৃক নিরীক্ষিত হয়ে থাকে। এ ধারাবাহিকতায় নিয়োগকৃত মেসার্স হোসেইন ফরহাদ এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস বিএমডিএফ-এর ২০২০-২১ অর্থ বছরের আর্থিক বিবরণী নিরীক্ষণ শেষে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করেছে। উল্লেখ্য, বিএমডিএফ-এর ২০২১-২২ অর্থ বছরের আর্থিক বিবরণী নিরীক্ষার লক্ষ্যে চার্টার্ড একাউনট্যান্ট ফার্ম নিয়োগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## আয়-ব্যয় ও মূলধন

বিএমডিএফ-এর ২০২০-২১ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদনটিতে কোম্পানির প্রাপ্তি / আয়ের প্রধান খাতসমূহের মধ্যে এমজিএসপি প্রকল্পের জন্য আইডিএ হতে প্রাপ্ত তহবিল, সরকারি বিশেষ অনুদান, অর্থায়নকৃত পৌরসভা / সিটি কর্পোরেশন থেকে প্রাপ্ত ঋণের সুদ, উপ-প্রকল্প প্রাপ্তির আবেদন ফি ও আবেদন প্রক্রিয়াকরণ ফি, সার্ভিস চার্জ, ব্যাংক সুদ এবং অর্থায়নকৃত পৌরসভা / সিটি কর্পোরেশনের নিকট থেকে ঋণের কিস্তি আদায় অন্তর্ভুক্ত রয়েছে। অপর দিকে প্রদান / ব্যয়ের প্রধান খাতসমূহের মধ্যে রয়েছে আইডিএ থেকে উন্নয়ন সহায়তার মাধ্যমে প্রাপ্ত ঋণের কিস্তি (সুদসহ) সরকারকে পরিশোধ, এম.জি.এস.পি প্রকল্পের অধীনে পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহে নির্মাণ ও পূর্ত ব্যয়, পরামর্শক সেবা ব্যয়, বিভিন্ন কর্মশালা / প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়, প্রযোজ্য ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও আয়কর পরিশোধ এবং অন্যান্য পরিচালন ব্যয়।

উল্লেখ্য, এনডাউমেন্ট ফান্ড বাবদ ইতোপূর্বে প্রাপ্ত অর্থ জনতা ব্যাংকে মেয়াদি আমানত হিসেবে বিনিয়োগ করে বিবেচ্য বছরে নীট সুদ বাবদ ৪,১৭,২৪,৭২৭ টাকা আয় হয়। বিবেচ্য অর্থ বছরে কোম্পানির ব্যয়াতিরিক্ত আয়ের পরিমাণ (আয় **১৭৮,৬৩,৬৯,৪৯৪** - ব্যয় **১৫৪,১৬,১০,১৫৮**) = **২৪,৪৭,৫৯,৩৩৬** টাকা। প্রসঙ্গত উল্লেখ্য, কোম্পানির প্রতিষ্ঠালগ্ন থেকে ব্যয়াতিরিক্ত আয় যথাযথভাবে সমন্বয়পূর্বক মূলধনে স্থানান্তর করা হয়। এই ধারাবাহিকতায় ২০২০-২১ অর্থ বছরে ব্যয়াতিরিক্ত আয় হতে **৪,১৭,২৪,৭২৭** টাকা এনডাউমেন্ট তহবিলে এবং **২০,৩০,৩৪,৬০৯** টাকা মূলধনে স্থানান্তর করা হয়। ৩০ জুন ২০২১ তারিখে কোম্পানির মূলধনের পরিমাণ **১৬৭,০৮,৮২,৭৪৪** টাকা।

## এনডাউমেন্ট তহবিল (Endowment Fund)

বিএমডিএফ-এর স্থায়ীত্বের লক্ষ্যে বিশ্বব্যাংকের সুপারিশের আলোকে অর্থ বিভাগ বিএমডিএফ-এর অনুকূলে ৬০ কোটি টাকা এনডাউমেন্ট তহবিল হিসেবে প্রদানের জন্য নীতিগতভাবে অনুমোদন প্রদান করে। এই ধারাবাহিকতায় ইতিমধ্যে প্রাপ্ত ৬০ কোটি টাকা জনতা ব্যাংকের মেয়াদি আমানতে গচ্ছিত রয়েছে। বর্তমানে এ তহবিলের স্থিতির পরিমাণ ৭৭ কোটি টাকা। অর্থ বিভাগের চাহিদার আলোকে এনডাউমেন্ট তহবিল পরিচালনার জন্য 'বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)-এর এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা'-এর খসড়া কপি তৈরী করে ইতিমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ কর্তৃক এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালার অনুমোদনক্রমে অর্থ বিভাগের সাথে বিএমডিএফ-এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে, যার আলোকে পরবর্তীতে অর্থায়ন করা হবে।



**আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব জনাব অরিজিৎ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এনডাউমেন্ট তহবিল পরিচালনা নীতিমালা সংক্রান্ত সভা**

## সীড ক্যাপিটাল (Seed Capital)


বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে এম.জি.এস.পি প্রকল্পের জন্য স্বাক্ষরিত আর্থিক চুক্তি (আইডিএ ক্রেডিট নং ৫৩৩৯-বিডি)-এর কার্যক্রম বাস্তবায়নের জন্য অর্থ বিভাগের সাথে বিএমডিএফ-এর একটি Subsidiary Loan & Grant Agreement (SLGA) স্বাক্ষরিত হয়েছে। চুক্তি অনুযায়ী বিএমডিএফ পৌরসভা/সিটি কর্পোরেশনকে বিতরণকৃত ঋণ (বরাদ্দের ২০%) সীড ক্যাপিটাল হিসেবে সংরক্ষণ করবে। চলমান এমজিএসপি প্রকল্পের আওতায় ৩০ জুন ২০২১ তারিখ পর্যন্ত বিতরণকৃত ঋণের পরিমান **১৬৫.৪৬** কোটি টাকা, যা পৌরসভা / সিটি কর্পোরেশনের নিকট থেকে আদায়শেষে বিএমডিএফ সীড ক্যাপিটাল হিসেবে সংরক্ষণ করবে।



বিএমডিএফ-এর অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনে নবনির্মিত মার্কেট


## টেকসই উন্নয়ন লক্ষ্য অর্জনে সহায়তা

"মুজিববর্ষের প্রতিশ্রুতি, আর্থিক খাতের অগ্রগতি"- আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এ স্লোগানকে মূলতন্ত্র বিবেচনা করে বিএমডিএফ-এর স্লোগান করা হয়েছে : "মুজিববর্ষের প্রতিশ্রুতি, পৌরসভা ও সিটি কর্পোরেশনের উন্নতি"। জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্য (Sustainable Development Goals) অর্জনে সরকারকে সহায়তার জন্য বিএমডিএফ তার আর্থিক কার্যাবলী পরিচালনা করে আসছে। বিএমডিএফ দেশের নগর এলাকায় বসবাসকারী জনগোষ্ঠীর দারিদ্রতা অবসান ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে কাঁচা বাজার, পৌর মার্কেট, কমিউনিটি সেন্টার, পৌর অফিস ভবন, বাস টার্মিনাল, পাবলিক টয়লেট ও রাস্তা-ড্রেন নির্মাণ, সড়ক বাতি এবং পানি ও স্যানিটেশনের জন্য গভীর নলকূপ ও পানি সরবরাহ লাইন স্থাপন এবং পানি বিশুদ্ধকরণ প্লান্ট নির্মাণে অর্থায়ন করছে। এর পাশাপাশি পরিকল্পিত নগরায়নের জন্য বিএমডিএফ কর্মসংস্থান, জেন্ডার সমতা অর্জন, অবকাঠামো নির্মাণ ও টেকসই উন্নয়নের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সামগ্রিকভাবে ৩টি আইডিএ ক্রেডিট-এর আওতায় দেশের ১৫৭টি পৌরসভা ও ১২টি সিটি কর্পোরেশনে ৭১৬টি উপ-প্রকল্পে জুন ২০২১ পর্যন্ত বিএমডিএফ কর্তৃক **১,৫১০** কোটি টাকা অর্থায়ন করা হয়েছে।



**বিএমডিএফ-এর অর্থায়নে নরসিংদী পৌরসভায় নবনির্মিত রাস্তা, ড্রেন ও সড়ক বাতি**

# প্রকৌশল শাখা







বাম থেকে- নির্মল কুমার কর্মকার- জুনিয়র ইঞ্জিনিয়ার কাম রেকর্ড অফিসার-২, মোহাম্মদ অলেক মিঞাঁ- জুনিয়র ইঞ্জিনিয়ার কাম রেকর্ড অফিসার-১, আহম্মদ জামান তারিক- আরবান ডেভেলপমেন্ট স্পেশালিস্ট, মোঃ মোস্তাফিজুর রহমান খান- প্রকিউরমেন্ট স্পেশালিস্ট, মোহাম্মদ আবুল হাসান মৃধা- অটোক্যাড অপারেটর

## বর্তমান কার্যক্রম

বিশ্বব্যাংকের ঋণ সহায়তায় (আইডিএ ক্রেডিট নং-৫৩৩৯-বিডি) এপ্রিল ২০১৪ থেকে শুরু হওয়া মিউনিসিপল গভার্ণেন্স এন্ড সার্ভিসেস প্রজেক্ট (এমজিএসপি) - বিএমডিএফ অংশ জুন ২০২১ এ সমাপ্ত হয়। এই প্রকল্পের আওতায় বিএমডিএফ ১১১.৪৬ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ প্রায় ৯১০ কোটি টাকা ব্যয়ে দেশের ৬৩টি পৌরসভা ও সিটি কর্পোরেশনে ভৌত অবকাঠামো উন্নয়নে ১২২টি বিভিন্ন উপ-প্রকল্প বাস্তবায়ন করেছে। বিশ্বব্যাংকের পরামর্শে গঠিত প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ) মাধ্যমে উপ-প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হয়েছে। পৌরসভা ও সিটি কর্পোরেশনের আবেদিত উপ-প্রকল্প মূল্যায়ন, প্রক্রিয়াকরণ, বাস্তবায়ন, তদারকী, পরিবীক্ষণ ইত্যাদি কার্যক্রম পিএমইউ-তে নিয়োজিত পরামর্শকগণ কর্তৃক সম্পাদিত হয়েছে এবং এ সকল বিষয়ে বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট যথারীতি প্রতিবেদন দাখিল করা হয়েছে।



**চাঁদপুর পৌরসভায় নবনির্মিত রাস্তা**

## পূর্ত কাজের বিবরণ

২০২০-২১ অর্থবছরে এমজিএসপি-(বিএমডিএফ অংশ) -এর আওতায় বাস্তবায়নাধীন ৪৫টি উপ-প্রকল্পের মধ্যে ৩৮টি উপ-প্রকল্প বাস্তবায়নের কাজ সমাপ্ত হয়। এর মধ্যে ঝিনাইদহ পৌরসভার বহুমুখী বাণিজ্যিক ভবন নির্মাণের উপ-প্রকল্প আইনগত জটিলতায় আদালতের নির্দেশনায় এবং খুলনা সিটি কর্পোরেশনের মার্কেট নির্মাণের উপ-প্রকল্পটি প্রকল্প বাস্তবায়নে ধীর গতির কারণে বাতিল করা হয়। বাকি ৫টি উপ-প্রকল্প বাস্তবায়নের কাজ পূর্বের অর্থ বছরে অর্থাৎ ২০১৯-২০ সালে সমাপ্ত হয়। জুন, ২০২১ পর্যন্ত ২২ পৌরসভায় ৩৮ প্যাকেজের আওতায় ৪৭৪.১৫ কোটি টাকার উপ-প্রকল্পের কাজ বাস্তবায়িত হয়েছে।

এর মধ্যে ৮৩.৪১ কি. মি. সড়ক, ৬৮.১৬ কি. মি. ড্রেন, ১৩টি মিউনিসিপল মার্কেট, ০৫টি কিচেন মার্কেট, ০১টি বাস টার্মিনাল, ০১টি কমিউনিটি সেন্টার, ০১টি সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট, ০১টি পৌর পার্কের কাজ সমাপ্ত হয়েছে।

**২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়িত পূর্ত কাজের বিবরণ**

| ক্র:নং | পূর্ত কাজ | ইউনিট | পরিমাণ | ইউএলবি |
|---|---|---|---|---|
| ০১ | রাস্তা | কি:মি | ৮৩.৪১ | ১৫ |
| ০২ | ড্রেন | কি:মি | ৬৮.১৬ | ১৪ |
| ০৩ | কিচেন মার্কেট | সংখ্যা | ৫ | ৫ |
| ০৪ | বাস টার্মিনাল | সংখ্যা | ১ | ১ |
| ০৫ | মিউনিসিপ্যাল মার্কেট | সংখ্যা | ১৩ | ১৩ |
| ০৬ | কমিউনিটি সেন্টার | সংখ্যা | ১ | ১ |
| ০৭ | পৌর পার্ক | সংখ্যা | ১ | ১ |
| ০৮ | বর্জ্য ব্যবস্থাপনায় যানবাহন ক্রয় | সংখ্যা | ৪ | ১ |

## ২২টি পৌরসভার সম্পাদিত ৩৮টি উপ-প্রকল্পের বিবরণ

| Sl. No. | Name of ULB | No. of SP | Component | Contract Amount (BDT-Mil.) |
|---|---|---|---|---|
| 1 | Homna | 1 | Municipal Market | 128.55 |
| 2 | CCC | 2 | Multi-purpose commercial Com. Building (SA) | 386.86 |
| | | | Kitchen Market (FT) | 171.73 |
| 3 | Sirajgonj | 3 | Kitchen Market & S. House | 127.79 |
| | | | Municipal Market | 39.09 |
| | | | Road, Drain, SL | 87.98 |
| 4 | Sreepur | 1 | Poura Super Market | 55.77 |
| 5 | Narsingdi | 3 | Poura Market | 25.34 |
| | | | Road, Drain & SL-1 | 287.32 |
| | | | Road, Drain & SL-2 | 282.11 |
| 6 | Sreemongal | 1 | Community Center | 75.59 |
| 7 | Panchbibi | 2 | Kitchen Market | 35.40 |
| | | | Super Market | 72.22 |
| 8 | Chandpur | 1 | Municipal Market | 44.77 |
| 9 | Ramgonj | 2 | Municipal Market | 44.91 |
| | | | Road-Drain & SL | 45.01 |
| 10 | KCC | 2 | Road & Drain-1 | 187.25 |
| | | | Road & Drain-2 | 173.88 |
| 11 | DNCC | 4 | Road, footpath and Drain-1 | 196.88 |
| | | | Road, footpath and Drain-2 | 213.43 |
| | | | Road, footpath and Drain-3 | 217.35 |
| | | | Solid Waste Mngt. (Equipment) | 189.99 |
| 12 | Manikgonj | 1 | Road | 147.35 |
| 13 | Mongla Port | 2 | Multi-purpose Building (VE) | 109.60 |
| | | | Poura Super Market cum Com. Cen. | 53.54 |
| 14 | Pabna | 2 | Road & Drain | 217.32 |
| | | | Road & Drain | 214.70 |
| 15 | Chowmuhani | 2 | Bus Terminal & Fruit Market | 117.01 |
| | | | Poura Park | 82.20 |
| 16 | Savar | 1 | Road & Drain | 117.84 |
| 17 | Noakhali | 3 | Kitchen Market | 44.28 |
| | | | Municipal Market | 97.11 |
| | | | Renovation of Bus Terminal | 45.72 |
| 18 | Dhamrai | 1 | Road, Drain, Street Light | 70.605 |
| 19 | Nilphamari | 1 | Municipal Market | 108.57 |
| 20 | Betagi | 1 | Municipal Market | 14.31 |
| 21 | Kaliakair | 1 | Road & Drain | 117.91 |
| 22 | Khagrachari | 1 | Municipal Market | 83.85 |
| **Grand Total** | | **38** | | **4731.15** |




চাঁদপুর পৌরসভায় নবনির্মিত মার্কেট



ঘোড়াশাল পৌরসভায় বিএমডিএফ অর্থায়নে নির্মিত অডিটোরিয়াম কাম কমিউনিটি সেন্টার



চৌমুহনী পৌরসভায় নবনির্মিত পার্ক



শ্রীমঙ্গল পৌরসভায় নবনির্মিত কমিউনিটি সেন্টার



নোয়াখালী পৌরসভায় নবনির্মিত মার্কেট



বেতাগী পৌরসভায় নবনির্মিত মার্কেট

এমজিএসপি-(বিএমডিএফ অংশ) এর মেয়াদ জুন, ২০২১ তারিখে সমাপ্ত হওয়ায় ৮টি পৌরসভার ১২টি উপ-প্রকল্পের পূর্তকাজের বিল বিলম্ব দাখিল ও জরুরী আনুষঙ্গিক শর্ত পূরণ না হওয়ায় প্রদান করা সম্ভব হয়নি। এর মধ্যে ৭টি পৌরসভার ১০টি উপ-প্রকল্পের পূর্ত কাজের চূড়ান্ত বিল সার্টিফিকেশনের কার্যক্রম বিশ্বব্যাংকের পরামর্শে স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)- এর অধীনে চলমান রয়েছে।

**Completed sub-projects of which bill certification going on under LGED**

| Sl. No. | Name of the ULB | Sub-projects | Bill Status | BDT |
|---|---|---|---|---|
| 1 | Khagrachari Mun. | W-052-BMDF-MGSP-64-KHAG-13-MM/02 | Final bill | 29,575,973 |
| 2 | Chattogram City Corp. | W-003-BMDF-MGSP-3P-CHATTO-18-MM/01 | Final bill | 60,663,616 |
| 3 | Khulna City Corp. | W-028-BMDF-MGSP-3P-KCC-18-KM/01 | 4th R/A & Final bill | 11,430,478 |
| 4 | Pabna Mun. | W-044-BMDF-MGSP-3P-PABNA-18-R-D/01 | Final bill | 28,263,676 |
| 5 | Pabna Mun. | W-045-BMDF-MGSP-3P-PABNA-18-R-D/02 | Final bill | 41,072,206 |
| 6 | Monglaport Mun. | W-042-BMDF-MGSP-3P-MONG-18-MM/01 | Final bill | 31,637,638 |
| 7 | Monglaport Mun. | W-043-BMDF-MGSP-3P-MONG-18-CC/02 | Final bill | 19,906,635 |
| 8 | Sirajganj Mun. | W-007-BMDF-MGSP-3P-SIRAJ-18-KM-SH/01 | Final bill | 23,573,925 |
| 9 | Nilphamari Muni. | W-057-BMDF-MGSP-3P-NILPH-18-MM/01 | Final bill | 19,878,883 |
| 10 | Khulna City Corp. | W-030-BMDF-MGSP-3P-KCC-18-R-D-/03 | Final bill | 14,060,053 |
| | | **Sub-total (B):** | | **280,063,083** |

দুটি পৌরসভার দুটি বিল নির্ধারিত সময়ের পূর্বে বিএমডিএফ দপ্তরে দাখিল করলেও প্রয়োজনীয় কার্যক্রম সম্পাদন করতে না পারায় বিল প্রদান করা সম্ভব হয়নি।

| Sl. No. | Name of the ULB | Name of the Pkg | Certified Amount (BDT) | Reason for delay |
|---|---|---|---|---|
| 1 | Sreepur Municipality | W-012-BMDF-MGSP-3P-SREE-18-PSM/01 | 10,203,029 | **Shortage of papers:**<br>➢ Absences of 10% contribution money;<br>➢ Less Tax deduction;<br>➢ No money receipt;<br>➢ Contract not amended as per Recast. |
| 2 | Chattagrom City Corporation | W-004-BMDF-MGSP-3P-CHOTTA-18-KM/02 | 29,552,234 | **Shortage of papers:**<br>➢ As built drawing;<br>➢ PG Extension not done;<br>➢ Time Extension not done ;<br>➢ SPCR. |
| | | **Sub-total** | **39,755,263** | |

খুলনা সিটি কর্পোরেশন ও ঝিনাইদহ পৌরসভার বাণিজ্যিক ভবন নির্মাণ উপ-প্রকল্পের কাজ আইনগত জটিলতা ও প্রকল্প বাস্তবায়নের ধীরগতির কারণে বাতিল করা হয়।

| Sl. No. | Name of the ULB | Name of the Pkg | Certified Amount (BDT) | Reason for delay |
|---|---|---|---|---|
| 1 | Jhenaidah Mun. | W-011-BMDF-MGSP-3P-JHEN-18-MM/01 | 185.08 | Court Stay Order due to Writ Petition (BELA) |
| 2 | Khulna City Corp. | W-028-BMDF-MGSP-3P-KCC-18-KM/01 | 96.09 | Implementation delayed by the contractor |

## এমজিএসপি বাস্তবায়ন

এমজিএসপি বাস্তবায়নে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট (পিএমইউ) গঠন করা হয়েছিল। পিএমইউ'তে প্রকল্প ব্যবস্থাপকের নেতৃত্বে ২০ জন পরামর্শক জুন, ২০২১ পর্যন্ত নিয়োজিত ছিলেন। তাঁরা হলেন সিভিল ইঞ্জিনিয়ার, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার, স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার, আর্কিটেক্ট, মনিটরিং এন্ড ইভালুয়েশন স্পেশালিষ্ট, সোস্যাল সেইফগার্ড স্পেশালিষ্ট, এনভাইরনমেন্টাল সেইফগার্ড স্পেশালিষ্ট, সুপারভিশন ইঞ্জিনিয়ার, কোয়ান্টিটি সার্ভে ইঞ্জিনিয়ার। এর মধ্যে মাঠ পর্যায়ে ০৯ জন পরামর্শক কর্মরত ছিলেন। এ ছাড়াও পিএমইউ এর অধীনে নতুন দুইজন জুনিয়র কনসালট্যান্ট (একাউন্টস্) নিয়োগ দেওয়া হয়েছিল। পিএমইউ এর অধীনে একজন স্বল্পকালীন কমিউনিকেশনস্ স্পেশালিষ্ট নিয়োগ দেওয়া হয়েছিল যিনি বিএমডিএফ এবং এমজিএসপি'র উপর স্বল্পদৈর্ঘ্যের একটি ভিডিও ডকুমেন্টস্ নির্মাণ করেন।



**বিশ্বব্যাংক ও বিএমডিএফ-এর কর্মকর্তা/পরামর্শকগণের উপস্থিতিতে প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত সভা**

## বিশ্বব্যাংক মিশন

এমজিএসপি'র অগ্রগতি পর্যবেক্ষণে বিশ্বব্যাংক প্রতিনিধি দল বিভিন্ন সময়ে ব্যবস্থাপনা পরিচালকসহ বিএমডিএফ এর কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন ইউনিটের পরামর্শকগণের সাথে বৈঠক করে এবং প্রকল্প এলাকা পরিদর্শন করে। নিম্নে বিশ্বব্যাংক মিশন কর্তৃক পরিদর্শনের তথ্য বিবৃত হলো:

| SL No. | Mission | Date |
|---|---|---|
| 1. | Virtual Implementation Support Review | August 16 - August 19 2020 |
| 2. | Virtual Implementation Support Review | March 21–25, 2021 |



নোয়াখালী পৌরসভায় বিএমডিএফ অর্থায়নে নির্মিত বাস টার্মিনাল

## উপ-প্রকল্প পরিদর্শন

উপ-প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন, মান নিশ্চিতকরণে বিএমডিএফ এর ব্যবস্থাপনা পরিচালকসহ প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ) এর পরামর্শকগণ এমজিএসপি'র আওতায় গৃহীত উপ-প্রকল্পের পূর্ত কাজ সরেজমিনে পরিদর্শন করেন। সে লক্ষ্যে নরসিংদী, শ্রীপুর, ঘোড়াশাল, সিরাজগঞ্জ, হোমনা, ভোলা, সখিপুর, ফুলপুর, টেকনাফ, কালিয়াকৈর, ভোলা, ব্রাহ্মণবাড়িয়া, মানিকগঞ্জ, তাহেরপুর, কুষ্টিয়া, রাজবাড়ী, চৌমুহনী, নোয়াখালী, পাবনা, বগুড়া, ধামরাই, সাভার, নোয়াখালী, মোংলাপোর্ট, ফরিদপুর পৌরসভা এবং খুলনা সিটি কর্পোরেশন পরিদর্শন করেছেন।



বিএমডিএফ-এর অর্থায়নে পাঁচবিবি পৌরসভার মার্কেট নির্মাণ

## Operational Support and Capacity Building (OSCB) Study


বিএমডিএফ বিশ্বব্যাংকের পরামর্শে এমজিএসপি'র আওতায় Operational Support and Capacity Building (OSCB) Study এর জন্য প্রধান পরামর্শক এর নেতৃত্বে ১০ সদস্যের একটি পরামর্শক দল বিভিন্ন বিষয়ে স্টাডি সম্পন্ন করেছেন।

পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নে অর্থায়নের ক্ষেত্রে সরকারের উপর নির্ভরতা কমিয়ে বিএমডিএফ যেন প্রাতিষ্ঠানিকভাবে স্বয়ংসম্পূর্ণতা ও স্বাবলম্বীতা অর্জন করতে পারে সে বিষয়ে বিশ্বব্যাংক গুরুত্বারোপ করেছে। বাংলাদেশ মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ায় ও সামগ্রিক বিশ্বায়নের প্রেক্ষাপটে ভৌত অবকাঠামো উন্নয়নে উন্নয়ন সহযোগীদের নিকট হতে পূর্বের ন্যায় স্বল্প সুদে ঋণ প্রাপ্তির সম্ভাবনা ক্রমশঃ হ্রাস পাবে। এমতবস্থায়, বিএমডিএফ এর স্থায়ীত্ব নিশ্চিতকল্পে এটিকে একটি স্বনির্ভর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা আবশ্যক। সে লক্ষ্যে উক্ত স্টাডির আওতায় পরামর্শকগণ বিভিন্ন বিষয়ে স্টাডি পরিচালনা করেছেন। উক্ত স্টাডির আওতায় বিএমডিএফ এর কৌশলগত অবস্থান নির্ধারণ, বিজনেস প্ল্যান ও রোড ম্যাপ প্রণয়ন, অপারেশন ম্যানুয়েল প্রণয়ন, জনবল কাঠামো পরিবর্তন ও পরিমার্জন, সর্বোপরি পৌর অর্থায়নে স্বনির্ভর ও কার্যকর প্রতিষ্ঠান হিসেবে বিএমডিএফকে গড়ে তোলার লক্ষ্যে উক্ত স্টাডিটি পরিচালিত হয়েছে। ইতিমধ্যে বিশ্বব্যাংক উক্ত স্টাডির ব্যপারে ইতিবাচক মনোভাব প্রকাশ করেছে। বিএমডিএফ এর সাথে সংশ্লিষ্ট সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামত সাপেক্ষে এই প্রতিবেদন বাস্তবায়নে পদক্ষেপ গ্রহণ করা হবে।

আশা করা যায়, ওএসসিবি স্টাডির সুপারিশ বাস্তবায়নের মাধ্যমে বিএমডিএফ একটি স্বনির্ভর প্রতিষ্ঠানে পরিণত হবে এবং নতুনভাবে পৌর অর্থায়নে কার্যকর ভূমিকা পালন করার মাধ্যমে টেকসই নগর উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবে।

## The World Bank (IDA):

পৌরসভা/সিটি কর্পোরেশন পর্যায়ে বিএমডিএফ-এর অর্থায়নের ব্যাপক চাহিদা এবং ভবিষ্যৎ উন্নয়ন কর্মকান্ডের বিভিন্ন দিক তুলে ধরে বিশ্বব্যাংকের কান্ট্রি ডাইরেক্টর বরাবর ব্যবস্থাপনা পরিচালক একটি পত্র প্রেরণ করেন। এ প্রেক্ষিতে বিশ্বব্যাংকের ভারপ্রাপ্ত কান্ট্রি ডিরেক্টর Ms. Dandan Chen-এর উদ্যোগে আগস্ট ১৬, ২০২১ তারিখে বিএমডিএফ-এর সাথে একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তের আলোকে বিএমডিএফ-এর উন্নয়ন তহবিলের বর্তমান ঘাটতি দ্রুত পূরণের লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে ৬৮০ কোটি টাকা তহবিল চেয়ে বিশ্বব্যাংক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এর পাশাপাশি বিশ্বব্যাংকের বর্তমান এমজিএসপি প্রকল্পের Task Team Leader (TTL), Kwabena Amankwah-Ayeh-এর সাথে অনুষ্ঠিত ভার্চুয়াল সভায় বিএমডিএফকে বিশ্বব্যাংকের অর্থায়নে এমজিএসপি প্রকল্পের ধারাবাহিকতায় আসন্ন এমজিএসপি-২ প্রকল্পেও অর্থায়নের জন্য অনুরোধ জানানো হয়। বিশ্বব্যাংকের TTL পরবর্তীতে বিএমডিএফ-এর সাথে শর্তসাপেক্ষে অর্থায়নের বিষয়ে আগ্রহ প্রকাশ করেন এবং একই সাথে একটি টেকনিক্যাল সভার প্রস্তাব করেন। বিশ্বব্যাংকের TTL-এর সাথে সর্বশেষ ভার্চুয়াল মিশনে দুটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।




এমজিএসপি প্রকল্পের ভার্চুয়াল মিশন

## French Agency for Development (AFD):

বিএমডিএফ হতে French Agency for Development (AFD)-এর সাথে যোগাযোগ করা হলে সেপ্টেম্বর ১৪, ২০২১ তারিখে AFD -এর কান্ট্রি ডিরেক্টর Mr. CHASSATTE Benoit-সহ একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএমডিএফ-এর পরিচিতি এবং সম্পাদিত কর্মকান্ড তুলে ধরা হয়। AFD-এর পক্ষ থেকে তাদের পরিচিতি তুলে ধরে আগামি দিনে কিভাবে বিএমডিএফ-এর সাথে কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করা যায় সে বিষয়ে আলোকপাত করা হয়। সভায় বিএমডিএফ সম্পর্কে আরো অধিকতর জানার জন্য কোম্পানির বিভিন্ন তথ্যাদি এবং ভবিষ্যৎ বিনিয়োগের পরিকল্পনা চাওয়া হয়। সভার সিদ্ধান্তের আলোকে বিএমডিএফ হতে চাহিত তথ্যাদি ইতোমধ্যে AFD বরাবর প্রেরণ করা হলে, AFD হতে বিএমডিএফ কার্যালয় পরিদর্শন ও সরাসরি সভায় মিলিত হওয়ার আগ্রহ প্রকাশ করা হয়। AFD-এর আগ্রহের ভিত্তিতে বিএমডিএফ কার্যালয়ে এবং AFD-এর ঢাকা কার্যালয়ে একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে দেশের পরিকল্পিত নগর উন্নয়নে বিএমডিএফ-এর চলমান কার্যক্রম AFD-এর অর্থায়নে আগামিতে বিএমডিএফ-এর মাধ্যমে নতুন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের বিবিধ বিষয় নিয়ে আলোচনা হয়। সভায় বিএমডিএফ-এর হাতে থাকা উন্নয়ন চাহিদার বিষয়ে জানতে চাওয়া হলে তাদেরকে প্রাথমিকভাবে ৮০ মিলিয়ন ইউরো অর্থায়নের প্রেক্ষাপট তুলে ধরা হয়। সভার কার্যবিবরণীসমূহ ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। AFD-এর সহায়তায় বিএমডিএফ-এর অর্থায়নে পৌরসভা/সিটি কর্পোরেশন পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে বর্তমানে 'পিডিপিপি/প্রজেক্ট কনসেপ্ট নোট (পিসিএন)' প্রণয়নের কাজ চলমান রয়েছে। ২০২২-২৩ অর্থ বছর হতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে AFD এবং বিএমডিএফ যৌথভাবে কাজ করে যাচ্ছে।



অক্টোবর ১১, ২০২১ তারিখে AFD প্রতিনিধি দলের সাথে বিএমডিএফ কার্যালয়ে অনুষ্ঠিত সভা।



AFD-এর অর্থায়নে নতুন প্রকল্প প্রণয়ন বিষয়ে নভেম্বর ১১, ২০২১ তারিখে বিএমডিএফ কার্যালয়ে ৩টি সিটি কর্পোরেশন ও ১৪টি পৌরসভার মেয়র ও প্রকৌশলীদের সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভা।



নভেম্বর ৩০, ২০২১ তারিখে AFD-এর ঢাকা কার্যালয়ে বিএমডিএফ প্রতিনিধি দলের সাথে অনুষ্ঠিত সভা।

## Korea Exim Bank (EDCF):

Economic Development Cooperation Fund (EDCF) হতে বিএমডিএফ-এর Letter of Interest পাওয়ার পর যোগাযোগ করা হয়েছে। সর্বশেষ সেপ্টেম্বর ২৯, ২০২১ তারিখে EDCF-এর কান্ট্রি ডিরেক্টর Mr. Seok Changmin-সহ একটি ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভায় EDCF-এর পক্ষ হতে বিএমডিএফ-এর পরিচিতি এবং সম্পাদিত কর্মকান্ড সম্পর্কে জানতে চাওয়া হয়। একইসাথে বিএমডিএফ কোন প্রক্রিয়ায় এবং কীভাবে পৌরসভা/সিটি কর্পোরেশনে প্রকল্প বাস্তবায়ন করে থাকে সে বিষয়ে জানতে চাওয়া হয়। বিএমডিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক স্বয়ং তাদেরকে বিএমডিএফ সম্পর্কে বিস্তারিত তথ্যাদি অবহিত করেণ। সভার সিদ্ধান্ত অনুযায়ী একজন কর্মকর্তাকে EDCF-এর সাথে যোগাযোগের জন্য মনোনয়ন প্রদান করে বিএমডিএফ হতে ইমেইল প্রেরণ করা হয়েছে।

## United Nations Capital Development Fund (UNCDF):

বিশ্বব্যাংকের পাশাপাশি অন্যান্য উন্নয়ন সহযোগিদেরকে বিএমডিএফ-এর মাধ্যমে দেশের পৌরসভা/সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নে অর্থায়নের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হলে UNCDF-এর প্রতিনিধির সাথে সভা অনুষ্ঠিত হয়। Mr. Jesmul Hasan, Country Focal Point, UNCDF Bangladesh-এর সাথে আলোচনা অনুসারে UNCDF-এর Director বরাবর দেশের নগর উন্নয়নে UNCDF-এর কর্মকান্ডের সাথে বিএমডিএফ-কে অন্তর্ভূক্তির অনুরোধ জানিয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে।

## German Agency for International Cooperation (GIZ):

আগামী দিনগুলোতে বাংলাদেশের আরবান সেক্টরের উন্নয়নের কৌশল নির্ধারণের লক্ষ্যে এবং পিপিপি-এর অর্থায়নকে প্রকল্প বাস্তবায়নে সাধারণ পর্যায়ে জনপ্রিয় করার লক্ষ্যে জার্মান উন্নয়ন সংস্থা ও বাংলাদেশ সরকারের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী GIZ একটি প্রকল্প বাস্তবায়ন করছে যার নাম "Livable and Inclusive Cities for All (LICA)"। বর্তমানে উক্ত প্রকল্পের Feasibility Study (FS) চলমান রয়েছে। অক্টোবর ৭, ২০২১ তারিখে বিএমডিএফ কার্যালয়ে LICA প্রকল্পের FS-টিম-এর একটি প্রতিনিধি দলের সাথে বিএমডিএফ কর্মকর্তাদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের আরবান সেক্টরে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে একমাত্র সরকারি অর্থ লগ্নিকারী প্রতিষ্ঠান হিসেবে বিএমডিএফ-এর ভুমিকার প্রশংসা করা হয়। সর্বশেষ ডিসেম্বর ৮, ২০২১ তারিখে বিএমডিএফ-এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে নতুন প্রকল্প প্রণয়ন সংক্রান্ত বিষয়ে LICA প্রকল্পের Appraisal Mission-এর প্রতিনিধি দলের আলোচনা হয়। আগামী দিনগুলোতে GIZ-এর অর্থায়নে দেশের নগর অবকাঠামো উন্নয়নে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিএমডিএফ একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান হিসেবে কাজ করার সুযোগ রয়েছে  মর্মে সভায় মত প্রকাশ করা হয়।




**ডিসেম্বর ৮, ২০২১ তারিখে GIZ প্রতিনিধি দলের সাথে বিএমডিএফ কার্যালয়ে অনুষ্ঠিত সভা**

## *সরকারি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি):*

পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের ভৌত অবকাঠামো উন্নয়নে অর্থায়নের উদ্দেশ্যে কোম্পানির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন অনুযায়ী সরকারি বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে তহবিল সংগ্রহ করে উন্নয়ন কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে প্রথম বারের মত বিএমডিএফ-এর পক্ষ থেকে উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রাথমিকভাবে দেশের ৬টি পৌরসভায় ২০২২-২৩ অর্থ বছর হতে বাস্তবায়নযোগ্য 'পৌর মার্কেট' নির্মাণের লক্ষ্যে **'আয়বর্ধক টেকসই পৌর-অবকাঠামো উন্নয়ন প্রকল্প'** শিরোনামে পঞ্চাশ কোটি টাকার মধ্যে বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রণয়নের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও পরিকল্পনা কমিশনের সাথে আলোচনাক্রমে উক্ত প্রকল্পটি প্রণয়ন করা হচ্ছে। প্রকল্পের আওতায় পৌরসভার রাজস্ব বৃদ্ধি এবং টেকসই অবকাঠামো নির্মাণের লক্ষ্যে 'পৌর মার্কেট' নির্মাণে অর্থায়ন করা হবে। ২০২২-২৩ অর্থ বছর হতে শুরু করে ২০২৩-২৪ অর্থ বছরের মধ্যে প্রকল্পটি বাস্তবায়ন করা হবে। প্রকল্পটি বাস্তবায়নে প্রাথমিকভাবে ব্যয় ধরা হয়েছে ৪৯.৭৯ কোটি টাকা। প্রকল্পের সমর্থনে 'ফিজিবিলিটি স্টাডির' কাজ বর্তমানে চলমান রয়েছে। বিএমডিএফ-এর অর্থ ও প্রকৌশল শাখার কর্মকর্তাগণের মাঠ পর্যায়ে পরিদর্শন শেষে প্রতিবেদন দাখিলের পর প্রকল্পটি অনুমোদনের জন্য আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হবে।

'আয়বর্ধক টেকসই পৌর-অবকাঠামো উন্নয়ন প্রকল্প'-টি বাস্তবায়নের মাধ্যমে প্রথমবারের মত বিএমডিএফ সরকারের গ্রীন বুকে অর্থাৎ সরকারি বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহিতে নাম অর্ন্তভূক্ত করতে যাচ্ছে। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়ন করা সম্ভব হলে আগামিতে এর ধারাবাহিকতায় স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে দেশব্যাপী ব্যাপক উন্নয়নের ধারাবাহিকতায় পৌরসভার ভৌত অবকাঠামো উন্নয়নে অর্থায়নের লক্ষ্যে বিএমডিএফ-এর নতুন প্রকল্প প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হবে।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি)

আয়বর্ধক টেকসই পৌর-অবকাঠামো উন্নয়ন প্রকল্প
(Sustainable Urban Infrastructures Development Project - IG)

মোট প্রাক্কলিত ব্যয়
৫,০০০ লক্ষ টাকা

বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ)
জানুয়ারি ২০২২

# Bangladesh Municipal Development Fund (BMDF)


**গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩**

**মিরপুর-২, ঢাকা-১২১৬**

ফোনঃ ৪৮০ ৩৭ ২০২, ৪৮০ ৩৭ ২১৬

ফ্যাক্সঃ ৪৮০ ৩৬ ০৭০

ই-মেইলঃ **info@ bmdf.gov.bd**

ওয়েবঃ **www.bmdf.gov.bd**



কনসেপ্ট ও কম্পোজিশনঃ

**আহম্মদ জামান তারিক**

আরবান ডেভেলপমেন্ট স্পেশালিস্ট